গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট

স্মারক নং : মাউশি/লেইস/০২-২১৯/LT/২০২৬/৯৮৮৬

তারিখ : ০৯ অগ্রহায়ণ, ১৪৩৩ বঙ্গাব্দ / ২৪ নভেম্বর, ২০২৬ খ্রি.

বিষয় : **লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট এর আওতায় মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠান প্রধান/ সহকারী প্রধানগণের "লিডারশীপ ট্রেনিং"-এর ১ম ব্যাচের (ট্রাই আউট) প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাংলাদেশ সরকার ও বিশ্ব ব্যাংকের যৌথ অর্থায়নে বাস্তবায়নাধীন লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট এর আওতায় মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/ সহকারী প্রধান শিক্ষক এবং দাখিল/দাখিল স্তর রয়েছে এমন মাদ্রাসার প্রধান/সহকারী প্রধানগনের ২১-দিনব্যাপী "লিডারশীপ ট্রেনিং"এর কার্যক্রম ৫টি উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট,বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), গাজীপুর ও ৫টি সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ (ঢাকা, চট্টগ্রাম,যশোর, রংপুর, সিলেট) -এ ১৭টি গ্রুপে (প্রত্যেক গ্রুপে ৪০ জন প্রশিক্ষণার্থী) (সংযুক্তি-১) আগামী ০৬ ডিসেম্বর ২০২৬ খ্রি. থেকে ২৬ ডিসেম্বর ২০২৬ খ্রি. পর্যন্ত ১ম ব্যাচের প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে।

০২। বর্ণিতাবস্থায় আগামী ০৬ ডিসেম্বর ২০২৬ খ্রি. থেকে ১ম ব্যাচের (ট্রাই আউট) লিডারশীপ ট্রেনিং শুরু করার জন্য সংশ্লিষ্ট ভেন্যুকে প্রকল্প কার্যালয় থেকে সরবরাহকৃত প্রশিক্ষণার্থীদের তালিকা অনুসারে (সংযুক্তি-২) আমন্ত্রণপত্র প্রেরণ এবং টেলিফোনে যোগাযোগের মাধ্যমে তাদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। আমন্ত্রণপত্রে প্রশিক্ষণার্থীগণকে প্রথম এক সপ্তাহের খাবার ও আনুষঙ্গিক ব্যয় বাবদ নগদ অর্থ সাথে নিয়ে আসার জন্য পরামর্শ প্রদান করতে হবে। এছাড়াও, প্রশিক্ষণার্থীগণকে নিম্নবর্ণিত প্রমাণকসহ (যা ভবিষ্যতে ব্যবহারের জন্য প্রশিক্ষণকেন্দ্রে সংরক্ষিত থাকবে) প্রশিক্ষণ শুরুর আগের দিন সন্ধ্যার মধ্যে প্রশিক্ষণকেন্দ্রে রিপোর্ট করার জন্য নির্দেশনা প্রদান করতে হবে।

০৩। বর্ণিত প্রশিক্ষণ কর্মসূচি ২১-দিনব্যাপী একটি পরিপূর্ণ আবাসিক প্রশিক্ষণ কর্মসূচি। এ বিষয়টি পূর্বেই প্রশিক্ষণার্থীগণকে অবহিত করতে হবে এবং পরিপূর্ণ আবাসিক কর্মসূচি হিসেবে প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করতে হবে।

০৪। প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনার নিমিত্ত প্রতিটি প্রশিক্ষণার্থী গ্রুপের জন্য একটি করে কো-অর্ডিনেশন কমিটি গঠন করতে হবে, যারা সংশ্লিষ্ট প্রশিক্ষণ গ্রুপের প্রশিক্ষণ বাস্তবায়ন ও সমন্বয়ের মূল দায়িত্ব পালন করবেন। কোর্স পরিচালক এর ক্ষেত্রে পরিচালক/অধ্যক্ষ কর্তৃক মনোনীত শিক্ষক, সংশ্লিষ্ট ভেন্যুতে একই সাথে চলমান একটি ব্যাচের বিভিন্ন গ্রুপের প্রশিক্ষণ আয়োজনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ভেন্যু'র পরিচালক/অধ্যক্ষ সর্বোচ্চ দু'টি গ্রুপের ক্ষেত্রে কোর্স পরিচালক এর দায়িত্ব পালন করবেন। দুই এর অধিক গ্রুপ এর ক্ষেত্রে উপাধ্যক্ষ (উপাধ্যক্ষ এর অনুপস্থিতিতে পরবর্তী সিনিয়রকে) কোর্স পরিচালকের দায়িত্ব প্রদান করতে হবে।

০৫। সংশ্লিষ্ট ভেন্যুর অন্যান্য অনুষদ সদস্য এবং কর্মচারীবৃন্দ প্রশিক্ষণ আয়োজনে কো-অর্ডিনেশন কমিটিকে সর্বাত্মক সহায়তা করবেন। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাস্টার ট্রেইনারগণের মধ্য হতে পর্যায়ক্রমে সকল অনুষদ সদস্যকে কো-অর্ডিনেশন কমিটির সদস্য হিসেবে দায়িত্ব প্রদান করতে হবে, এ ক্ষেত্রে পূর্ববর্তী ব্যাচের কো-অর্ডিনেশন কমিটিতে যিনি ছিলেন পরের ব্যাচে তিনি থাকতে পারবেননা।

০৬। লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রকল্পের আওতায় প্রশিক্ষণ আয়োজনের নিমিত্ত অর্থবিভাগ কর্তৃক অনুমোদিত খাতভিত্তিক ব্যয় হার অনুসরণে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ লিডারশীপ ট্রেনিংয়ের খাতভিত্তিক বাজেট অনুমোদন করে। বর্ণিত প্রশিক্ষণটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক অনুমোদিত বাজেট বিভাজন অনুসরণে বাস্তবায়ন করতে হবে।

প্রশিক্ষণের নিমিত্ত সকল ক্রয় General Financial Rules (GFR), Delegation of Financial power এবং পিপিআর-২০২৫ অনুসরণপূর্বক নির্বাহ করতে হবে।

০৭। বর্ণিত প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যে ১ টি গাইডলাইন প্রণয়ন করা হয়েছে, যা অনুসরণপূর্বক প্রশিক্ষণ পরিচালনা করতে হবে (সংযুক্তি-৩)।

০৮। এ পরিপ্রেক্ষিতে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-এর লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন প্রজেক্ট-এর আওতায় ২০২৬-২০২৭ অর্থবছরের প্রশিক্ষণ পরিকল্পনা অনুসারে মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/ সহকারী প্রধান শিক্ষক এবং দাখিল/দাখিল স্তর রয়েছে এমন মাদ্রাসার প্রধান/সহকারী প্রধানগনের ২১-দিনব্যাপী "লিডারশীপ ট্রেনিং" এর ১ম ব্যাচের (ট্রাই আউট) প্রশিক্ষণ কার্যক্রম আগামী ০৬ ডিসেম্বর ২০২৬ খ্রি. থেকে আয়োজনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

২৪/১১/২৬

(প্রফেসর মো. আসাদুজ্জামান)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট

**প্রয়োজনীয় কার্যার্থে বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১.আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
২.পরিচালক, উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট;
৩.অধ্যক্ষ,বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই);
৪.অধ্যক্ষ,সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (ঢাকা, চট্টগ্রাম, যশোর,রংপুর,সিলেট);
৫.উপপরিচালক, মাধ্যমিক শিক্ষা (সকল অঞ্চল);
৬.জেলা শিক্ষা অফিসার, ..... (সংশ্লিষ্ট জেলা); [বর্ণিত প্রশিক্ষণে লেইস কর্তৃক নির্বাচিত প্রশিক্ষণার্থীগণের অংশগ্রহণ নিশ্চিতকরণে সংশ্লিষ্ট প্রশিক্ষণ ভেন্যুকে সহযোগিতা প্রদানের অনুরোধসহ];
৭.উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট); [বর্ণিত প্রশিক্ষণে লেইস কর্তৃক নির্বাচিত প্রশিক্ষণার্থীগণের অংশগ্রহণ নিশ্চিতকরণে সংশ্লিষ্ট প্রশিক্ষণ ভেন্যুকে সহযোগিতা প্রদানের অনুরোধসহ];

**সদয় অবগতির জন্য অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১.সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ [দৃ. আ. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ];
২.সচিব, কারিগরি ও মাধ্যমিক শিক্ষা বিভাগ [দৃ. আ. অতিরিক্ত সচিব (উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ];
৩.মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
৪.মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর;
৫.পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
৬.পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
৭.পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
৮.সংরক্ষণ নথি;